

# ব্রিকস বিজনেস ফোরাম লিডারস ডায়ালগে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

22শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২২শে আগস্ট ২০২৩ এ জোহানেসবার্গে ব্রিকস বিজনেস ফোরাম লিডারস ডায়ালগে অংশ নেন।

ব্রিকস বিজনেস ফোরামের আলোচনা সম্পর্কে নেতৃত্বকে অবহিত করা হয়।

সামাজিক ও অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় প্রযুক্তি-ভিত্তিক সমাধানসহ ব্যবসা সহজীকরণের জন্য ভারত গৃহীত বিভিন্ন সংস্কারের কথা প্রধানমন্ত্রী তুলে ধরেন। ব্রিকসের ব্যবসায়ী নেতৃত্বকে ভারতের উন্নয়নযাত্রায় অংশগ্রহণের আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে কোভিড স্থিতিস্থাপক এবং অন্তর্ভুক্তিমূলক সরবরাহ শৃঙ্খলের গুরুত্বতুলে ধরেছে এবং এর জন্য পারস্পরিক বিশ্বাস ও স্বচ্ছতার গুরুত্বের উপর জোর দিয়েছে।

তিনি জোর দিয়ে বলেন যে ব্রিক স একসাথে বৈশ্বিক কল্যাণে, বিশেষত বিশ্ব দক্ষিণের কল্যাণে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে।

জোহানেসবার্গ

22শে আগস্ট, 2023